# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶

| ক দেশ | খ দেশ |
|---|---|
| গণহত্যা বন্ধের আহ্বান | শরণার্থী শিবির স্থাপন |
| বিশ্ব জনমত সৃষ্টিতে সহায়তা | মুক্তিযুদ্ধকে সরাসরি সমর্থন |
| জাতিসংঘে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন | বিশ্ব বিবেককে জাগ্রত করা |

ক. ১৬ ডিসেম্বর কতজন পাকিস্তানি বাহিনীর সদস্য আত্মসমর্পণ করে? ১

খ. 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসের সঙ্গে তাজউদ্দিন আহমদের নাম অঙ্গাঙ্গিভাবে যুক্ত'- ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'ক' দ্বারা কোন দেশকে চিহ্নিত করা হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. 'খ' দেশটির ভূমিকা মুক্তিযুদ্ধে গতি এনে দেয়- তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd.com

২. ▶





ক. তৃতীয় জাতীয় সংসদ নির্বাচনে কয়টি দল অংশগ্রহণ করে? ১

খ. 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চিত্র কোন আন্দোলনকে নির্দেশ করে? আলোচনা করো। ৩

ঘ. 'উক্ত আন্দোলনের ফলে বাংলাদেশ গণতন্ত্রের পুনর্যাত্রা শুরু করে। মূল্যায়ন করো। ৪

৩. ▶ চিত্রটি লক্ষ করো:





ক. পৃথিবীর গতি কত প্রকার? ১

খ. বার্ষিক গতির একটি ফলাফল ব্যাখ্যা করো। ২

গ. চিত্রটি কোন ঘটনার প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মানুষের অর্থনৈতিক ক্রিয়াকলাপের উপর উক্ত ঘটনার প্রভাব রয়েছে' - বিশ্লেষণ করো। ৪

৪. ▶ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. নেপচুন কত বছরে সূর্যকে একবার পরিক্রমণ করে? ১

খ. স্থানীয় সময় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের A ও B চিহ্নিত স্থানের সম্পর্কটি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'A' স্থানের দ্রাঘিমা ৪০° পূর্ব হলে B স্থানের দ্রাঘিমা ৪০° পশ্চিম হবে না।'- উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

Teachingbd.com

৫. ▶ প্রবাসী ফয়সাল 'ক' দেশের একটি হোটেলে চাকুরি করেন। তার মালিকের হোটেলটি স্থাপনের জন্য সরকারের অনুমতির প্রয়োজন হয়নি। হোটেল থেকে মালিক প্রচুর মুনাফা অর্জন করে কিন্তু ফয়সাল তার প্রাপ্যের চেয়ে কম বেতন পায়।

ক. সরকারি স্কুল কোন ধরনের সম্পদ? ১

খ. সংগঠন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. 'ক' দেশে কোন ধরনের অর্থ ব্যবস্থা প্রচলিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো 'ক' দেশের ভোক্তারা পূর্ণ স্বাধীনতা ভোগ করে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶ মিসেস ফরিদা একজন সফল নারী উদ্যোক্তা। নওগাঁতে তার একটি বুটিক রয়েছে। তিনি তার পণ্যের বিক্রির ওপর প্রতি বছর বিপুল পরিমাণ কর প্রদান করেন। তার চাচা আফজাল একজন শিল্পপতি এবং আমদানি ও রপ্তানি ব্যবসায় নিয়োজিত। কিন্তু তিনি কর ফাঁকি দেন।

ক. উদ্দেশ্য ও কার্যাবলির ভিত্তিতে ব্যাংকসমূহকে কয় শ্রেণিতে ভাগ করা হয়েছে? ১

খ. গ্রামীণ ব্যাংক কী তা ব্যাখ্যা করো। ২

গ. মিসেস ফরিদা কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আফজালের মতো মানুষেরা যদি সঠিকভাবে কর প্রদান করে তবে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব হবে।'- বিশ্লেষণ করো। ৪

৭. ▶ জনাব 'ক' খামারবাড়ি প্রকল্পভুক্ত সমিতির ব্যবস্থাপক। 'ক' এর বিরুদ্ধে সদস্যদের সঞ্চয়ের টাকা ও ঋণের কিস্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। খামার বাড়ি প্রকল্পের অধীনে ৫৪টি সমিতি রয়েছে। এসব সমিতির সদস্যদের নামে ৩ কোটি ৪৯ লাখ টাকা ঋণ দেয়া হয়েছে। এর মধ্যে ১ কোটি ৫০ লাখ টাকা ঋণ আদায় হয়েছে। বাকি টাকার কোনো হিসাব জনাব 'ক' দেখাতে পারেনি।

http://teachingbd.com

ক. ১৯৯৫ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্ট অনুযায়ী ভারতে এইডস রোগীর সংখ্যা কত জন? ১

খ. একটি শিশুর জীবনে সড়ক দুর্ঘটনার প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যা প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ৩

ঘ. 'ব্যাপক গণসচেতনতা পারে উক্ত সমস্যা প্রতিরোধ করতে'। তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.** ▶ 'ক' একটি স্বাধীন রাষ্ট্র। প্রতিবেশী রাষ্ট্র 'খ' হঠাৎ 'ক' রাষ্ট্র আক্রমণ করে। 'ক' রাষ্ট্র তার ক্ষমতা বলে 'খ' রাষ্ট্রের আক্রমণ থেকে দেশকে রক্ষা করেছে। এখন 'ক' রাষ্ট্র তার প্রতিরক্ষাবাহিনীকে শক্তিশালী ও আধুনিক করে গড়ে তুলতে সচেষ্ট।

ক. আধুনিক রাষ্ট্রবিজ্ঞানী কে? ১

খ. 'নাগরিকত্ব' ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. 'ক' রাষ্ট্র কোন ক্ষমতা বলে নিজেকে রক্ষা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শেষোক্ত বক্তব্যটি কি রাষ্ট্রের মুখ্য কার্যের অন্তর্ভুক্ত? যুক্তি সহকারে উত্তর দাও। ৪

**৯.** ▶ কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার প্রত্যন্ত চর চিলমারী এলাকায় বেড়াতে গিয়ে শোভন দেখে একটি চায়ের দোকানকে ঘিরে মানুষের জটলা, ভিতরে রঙিন টেলিভিশন চলছে। বিদ্যুৎ বঞ্চিত চরটিতে কয়েক বছর আগেও বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর স্বপ্ন কেউ দেখেনি। কিন্তু চিলমারী এখন সৌরবিদ্যুতের আলোয় আলোকিত।

ক. সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি? ১

খ. সামাজিক মূল্যবোধ অবক্ষয়ের কারণ কী? ২

গ. সামাজিক পরিবর্তনের কোন উপাদানটির কারণে চিলমারী এখন আলোকিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত উপাদানটির পরিবর্তন সমাজ ও অর্থনীতিকে আরও একধাপ এগিয়ে নিয়েছে।' মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ১ ৫ ০

১. দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে?
ক মহাত্মা গান্ধী　খ মুহম্মদ আলী জিন্নাহ
গ ধীরেন্দ্রনাথ দত্ত　ঘ শেখ মুজিবুর রহমান

২. পাকিস্তানের মোট জনসংখ্যার কত শতাংশ বাঙালি ছিল?
ক ৫৪　খ ৫৫
গ ৫৬　ঘ ৫৭

৩. কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়?
ক ১০ মার্চ　খ ১০ এপ্রিল
গ ১০ মে　ঘ ১০ জুন

৪. যুক্তফ্রন্ট সরকার গঠন মূলত প্রমাণ করে-
ক মুসলিম লীগের অবসান
খ জনগণ সকল ক্ষমতার মালিক
গ পাকিস্তান অপশাসন থেকে মুক্তি
ঘ পূর্ব পাকিস্তানিরা উর্দু ভাষা জানতেন না

৫. মুক্তিযুদ্ধের সময় সংগ্রামী জনগণের মনোবল চাঙা রাখতে বিশেষ ভূমিকা পালন করে-
i. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
ii. পত্রপত্রিকা
iii. স্যাটেলাইট চ্যানেল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৬. শিশুর সামাজিকীকরণ প্রক্রিয়া কতদিন ধরে চলে?
ক আজীবন　খ কৈশোর পর্যন্ত
গ যৌবন পর্যন্ত　ঘ বৃদ্ধকাল পর্যন্ত

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
রীতা ও আবীর নবদম্পতি। বিয়ের পর স্বামীর পিতার পরিবারে বসবাস শুরু করল।

৭. রীতা ও আবীরের পরিবারকে কোন ধরনের পরিবার বলা যায়?
ক মাতৃবাস　খ পিতৃবাস
গ নয়াবাস　ঘ একক

৮. যৌথ পরিবার ভেঙে পড়ার যথার্থ কারণ হলো-
i. শিল্পায়ন
ii. নগরায়ণ
iii. জনসংখ্যা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. গ্যানিমেড কোন গ্রহের উপগ্রহ?
ক বৃহস্পতি　খ মঙ্গল
গ ইউরেনাস　ঘ শনি

১০. ঢাকা ও সিউলের সময়ের ব্যবধান ২ ঘন্টা ৩২ মিনিট। ঢাকার দ্রাঘিমা ৯০ ডিগ্রি পূর্বে হলে সিউলের দ্রাঘিমা কত? (সিউল ঢাকার পূর্বে অবস্থিত)
ক ১২৫ ডিগ্রি পশ্চিমে　খ ১২৬ ডিগ্রি পূর্বে
গ ১২৭ ডিগ্রি পশ্চিমে　ঘ ১২৮ ডিগ্রি পূর্বে

১১. সূর্যের কত ভাগ হাইড্রোজেন গ্যাস?
ক ৪৪%　খ ৪৬%
গ ৫০%　ঘ ৫৫%

১২. বর্ষাকালে বাংলাদেশে সর্বোচ্চ বৃষ্টিপাত হয় কোথায়?
ক রাঙামাটি অঞ্চলে　খ কক্সবাজারে
গ পটুয়াখালীতে
ঘ সিলেটের পাহাড়ি অঞ্চলে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
রহিম মিয়া ১৯৯১ সালের ২৯ এপ্রিল সাগরে মাছ ধরতে যায়। সেদিন ভয়াবহ ঘূর্ণিঝড় শুরু হয়। সে ঝড়ে তার সাথের অনেকে যেমন নিখোঁজ হয়। তেমনি অনেকে মারা যায়।

১৩. এপ্রিল মাসে সূর্যের অবস্থান সাধারণত কোথায়?
ক মকরক্রান্তির নিকটে　খ কর্কটক্রান্তির নিকটে
গ নিরক্ষরেখার নিকটে　ঘ মূল মধ্যরেখার নিকটে

১৪. তিস্তা ব্যারেজটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে-
i. পানি সংরক্ষণে
ii. পানি নিষ্কাশনে
iii. বন্যা প্রতিরোধে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৫. বাংলাদেশের বনভূমির পরিমাণ কত শতাংশ?
ক ১৩　খ ২০
গ ২৫　ঘ ২৭

১৬. রাষ্ট্রের মুখ্য উপাদান কোনটি?
ক জনসমষ্টি　খ নির্দিষ্ট ভূ-খন্ড
গ সরকার　ঘ সার্বভৌমত্ব

১৭. মন্ত্রী →সচিব→ ?
বাংলাদেশে প্রশাসনিক স্তর বিন্যাসে '?' চিহ্নিত স্থানে কী হবে?
ক উপসচিব　খ অতিরিক্ত সচিব
গ যুগ্ম সচিব　ঘ সহকারি সচিব

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব 'ক' বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার। সম্প্রতি তিনি নির্বাচনের তারিখ ঘোষণা করেন। প্রায় সাথে সাথে-

১৮. তার কাজ-
ক ভোটার তালিকা প্রণয়ন করা
খ নির্বাচনি তফসিল ঘোষণা করা
গ নির্বাচিত এলাকা নির্ধারণ করা
ঘ মনোনয়ন পত্র বিতরণ করা

১৯. নির্বাচনি আচরণ অপরাধ কোনগুলো?
i. ঘুষ গ্রহণ করা
ii. কোনো প্রার্থীর প্রতীক সম্পর্কে মিথ্যা বলা
iii. জালভোট দেওয়া
নিচের কোনটি সঠিক?
ক i　খ ii ও iii
গ i, ii ও iii　ঘ i ও iii

Teachingbd.com


২০. আইনের উৎকৃষ্ট সংজ্ঞা প্রদান করেছেন কে?
ক) হল্যান্ড খ) অস্টিন
গ) উড্রো উইলসন ঘ) টি এইচ গ্রিন

২১. তথ্য অধিকার আইন গত সালে জারি হয়?
ক) ২০০৮ খ) ২০০৯
গ) ২০১০ ঘ) ২০১১

২২. সংবিধানে কততম সংশোধনীর মাধ্যমে দেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়?
ক) একাদশ খ) দ্বাদশ
গ) ত্রয়োদশ ঘ) পঞ্চদশ

২৩. কোন অর্থব্যবস্থাকে মুক্তবাজার অর্থনীতি বলা হয়?
ক) ধনতান্ত্রিক খ) মিশ্র
গ) ইসলামি ঘ) সমাজতান্ত্রিক

২৪. নিচের কোনটিকে সমষ্টিগত সম্পদ বলা হয়?
ক) ঘরবাড়ি খ) সাগর
গ) কলকারখানা ঘ) বনাঞ্চল




২৫. রেখাচিত্র-১ দ্বারা নির্দেশিত '?' স্থানের জন্য উপযুক্ত বিষয়টি হলো-
ক) বিনিয়োগ খ) অভাব
গ) মুনাফা ঘ) মূলধন

২৬. অর্থনীতির কোনো কোনো খাত বা খাতের অংশ বিশেষ সরকারি নিয়ন্ত্রণে পরিচালিত হয় কোন অর্থনৈতিক ব্যবস্থায়?
ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) মিশ্র ঘ) ইসলামি

২৭. 'ক' নামক রাষ্ট্রে ২০১৩ সালের মধ্য সময়ে মোট জনসংখ্যা ৩ কোটি এবং মোট জাতীয় আয় ৯০ কোটি। দেশের মাথাপিছু আয় কত ডলার?
ক) ৩০০ খ) ৩৩৩
গ) ৩০০০ ঘ) ৩৩০০

২৮. বাংলাদেশে অর্থনীতিতে মোট কতটি খাত রয়েছে?
ক) ১৪টি খ) ১৫টি
গ) ২৫টি ঘ) ২৭টি

২৯. উন্নত দেশের বৈশিষ্ট্য হলো-
i. শিল্পায়িত অর্থনীতি
ii. জীবনযাত্রার উচ্চমান
iii. জনসংখ্যার উচ্চহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. ব্যাংকের আমানত কত প্রকার?
ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

৩১. বাংলাদেশের সরকারের আয়ের উৎস কয় ভাগে বিভক্ত?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৩২. আমেরিকার টুইন টাওয়ার ধ্বংসের কারণ কী?
ক) সাম্প্রদায়িক দাঙ্গা খ) শত্রুতা
গ) জঙ্গিবাদ ঘ) বিদেশি শত্রুতা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:**
শামীমা শহরে কাজ খুঁজতে এসে সাব্বির নামক এক পাচারকারীর খপ্পরে পরে। কাজ দেওয়ার নাম করে সে শামীমাকে সৌদি আরবে পাচার করে দেয়।

৩৩. অনুচ্ছেদে শামীমার প্রতি যে আচরণ প্রকাশ পেয়েছে তাকে কী বলা হয়?
ক) সামাজিক নৈরাজ্য খ) নারীর ক্ষমতায়ন
গ) নারীর প্রতি সহিংসতা ঘ) নারীর মর্যাদা

৩৪. সাব্বিরের কৃতকাজের জন্য কী শাস্তি হতে পারে?
ক) মৃত্যুদণ্ডসহ পাঁচ লক্ষ টাকা অর্থদণ্ড
খ) মৃত্যুদণ্ডসহ তিন লক্ষ টাকা অর্থদণ্ড
গ) মৃত্যুদণ্ডসহ দশ লক্ষ টাকা অর্থদণ্ড
ঘ) দশ লক্ষ টাকা অর্থদণ্ড

৩৫. সড়ক দুর্ঘটনার প্রভাব কোন ক্ষেত্রে খুবই মারাত্মক?
i. পারিবারিক ii. সামাজিক
iii. অর্থনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. ২০০১ সালে HIV ভাইরাস বহনকারীর সংখ্যা কত?
ক) ১৮৪ জন খ) ১৮৫ জন
গ) ১৮৮ জন ঘ) ১৯২ জন

৩৭. শিশু শ্রমিক বৃদ্ধি পেয়েছে-
i. দারিদ্র্যের কারণে
ii. জনসংখ্যা বৃদ্ধির কারণে
iii. নৈতিক শিক্ষার অভাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii
গ) iii ঘ) i ও iii

৩৮. নারীর ক্ষমতায়ন ও স্বাস্থ্য রক্ষায় বাংলাদেশ সরকার যে ধরনের নীতি গ্রহণ করেছে-
ক) টিকাদান
খ) বিনামূল্যে পুস্তক বিতরণ
গ) দুস্থ নারীদের সহায়তা প্রকল্প
ঘ) উপবৃত্তি প্রদান

৩৯. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
ক) ব্যাংক অব বাংলাদেশ
খ) বাংলাদেশ ব্যাংক
গ) স্টেট ব্যাংক অব বাংলাদেশ
ঘ) রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশ

৪০. জলবায়ুর পরিবর্তন ও পরিবেশের সাথে খাপ খাওয়াতে ব্যর্থ হওয়ায়
i. বিলুপ্ত হয়েছে জীববৈচিত্র্য
ii. খাদ্য উৎপাদন কমেছে
iii. ক্ষুধা, দারিদ্র্য বেড়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com